# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৫৮. অধীনস্থদের সাথে সদাচরণ

আল্লাহ সুবহানাহু তা'আলা বলেছেন

وَاعْبُدُوا اللَّهَ وَلَا تُشْرِكُوا بِهِ شَيْئًا ۖ وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا وَبِذِي الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينِ وَالْجَارِ ذِي الْقُرْبَىٰ وَالْجَارِ الْجُنُبِ وَالصَّاحِبِ بِالْجَنبِ وَابْنِ السَّبِيلِ وَمَا مَلَكَتْ أَيْمَانُكُمْ

‘তোমরা আল্লাহর ইবাদাত করো। তাঁর সাথে আর কাউকে অংশীদার মনে করো না। পিতামাতার সাথে সদাচরণ করো, নিকটাত্মীয়, ইয়াতিম, মিসকীনদের প্রতিও। প্রতিবেশী আত্মীয়ের প্রতি এবং আত্মীয়ের প্রতিবেশীর প্রতি, চলার সাথী এবং পথিকের প্রতি, সেইসাথে তোমাদের অধীনস্থ দাসদাসীর প্রতিও দয়া অনুগ্রহ প্রদর্শন করো।[১]

মারুর ইবনু সুয়াইদ (রাঃ) বলেছেন, আমি আবু যার (রাঃ) ও তার এক ক্রীতদাসকে একই রকম পোশাক পরা দেখে কারণ জানতে চাইলাম। তিনি বললেন,

انتي ساببت رجلا فشكاني إلى رسول الله صلى الله عليه وسلم فقال لي رسول الله صلى الله عليه وسلم أعيرته بأمه؟ ثم قال ان اخوانكم خولكم جعلهم الله تحت أيديكم فمن كان أو تحت يديه فليطعمه مما يأكل وليلبسه مما يلبس ولا تكلفوهم من العمل ما يغلبهم فان كلفتموهم ما يغلبهم فاعينوهم عليه

‘আমি একবার এক লোককে অবজ্ঞা করেছিলাম, সে আমার বিরুদ্ধে আল্লাহর রাসূল (সা.)-এর কাছে অভিযোগ করেছিলো। রাসূল (সা.) আমাকে ডেকে নিয়ে বললেন, তুমি কি তার মায়ের কারণে তাকে অবজ্ঞা করছো? আমি দেখছি তোমার ভেতর এখনও জাহেলিয়াত রয়ে গেছে। মনে রেখো তোমার ক্রীতদাস সেও তোমার ভাই, আল্লাহ্ তাকে তোমার অধীনস্থ করেছেন। তাই তুমি যা খাবে তোমার ভাইকেও তাই খেতে দেবে। তুমি যা পরবে তোমার ভাইকেও তাই পরাবে। তাকে দিয়ে সাধ্যের অতিরিক্ত কাজ করাবে না। যদি করাও তুমিও তার কাজে সাহায্য করবে।[২]

## ফুটনোট

[১]. সূরা আন নিসা, আয়াত : ৩৬।

[২]. সহীহ আল বুখারী; সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12356

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন